

DD (Gen)

DD (Gen)

ACB

১৩২

২০-০২-২০



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসনিক বিভাগ, শাখা-২ (শুজলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১৫৩.০১৪.১৭. ৪৭৭৪

আদেশ

তারিখ: ১২-২০২০ খ্রিঃ।

যেহেতু, আপনি জনাব মোঃ আছির উদ্দিন, নির্বাহী প্রকৌশলী (ই/এম) (সাময়িক বরখাস্ত) কে প্রকাশ্য আয়ের উৎসের সাথে অসংগতিপূর্ণ অর্থ-সম্পদ অর্জনের অভিযোগে ই/এম বিভাগ-১ এ দাপ্তরিক কাজে কর্মরত থাকার স্বায় বিগত ১২/১২/২০১৭ খ্রিঃ তারিখ দুর্নীতি দমন কমিশন এর একটি টিম প্রেফতার করে জেল হাজতে প্রেরণ করায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ এর ৪৫(৫) প্রবিধি মোতাবেক আপনাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং একই প্রবিধানমালার প্রবিধি ৩৯ (খ) ও (ঙ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়েণ'-এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

২.০ যেহেতু, আপনি জেল হতে জামিনপ্রাপ্ত হয়ে বিভাগীয় মামলার জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে গত ২০/০৯/২০২০ তারিখ শুনানি গ্রহনান্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কার্যক্রম চলমান থাকে; এবং

৩.০ যেহেতু, একই বিষয়ে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত বিশেষ মামলা নং-০৭/২০১৮ বিজ্ঞ আদালতে চলমান অবস্থায় গত ২৫/১০/২০২০ তারিখ বিশেষ জজ আদালত নং-৪, ঢাকা কর্তৃক আপনাকে দোষী সাব্যস্ত করে রায় প্রদান করা হয়; এবং

৪.০ যেহেতু, রায়ে ২০০৪ সালের দুর্নীতি দমন কমিশন আইনের ২৬(২) ধারায় আপনাকে ২ (দুই) বছর কারাদণ্ড ও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা অনাদায়ে আরও তিন মাসের কারাদণ্ড এবং ২৭(১) ধারায় ৮ (আট) বছর কারাদণ্ড ও ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে; এবং

৫.০ যেহেতু, আপনার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলার কারণে বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল এবং উক্ত দুর্নীতি মামলায় আপনাকে দোষী সাব্যস্ত করে মোট ১০ বছরের কারাদণ্ড ও ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার অর্থদণ্ড প্রদান করা হয়েছে;

৬.০ সেহেতু, দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত বিশেষ মামলা নং-০৭/২০১৮ এর ২৫/১০/২০২০ খ্রিঃ তারিখ প্রদত্ত রায়ে জনাব মোঃ আছির উদ্দিন, নির্বাহী প্রকৌশলী (ই/এম) (সাময়িক বরখাস্ত) কে দোষী সাব্যস্ত করে মোট ১০ বছরের কারাদণ্ড ও ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার অর্থদণ্ড প্রদান করায় উক্ত দণ্ড আরোপের রায় বা আদেশ প্রদানের তারিখ অর্থাৎ ২৫/১০/২০২০ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২(১) ধারা ও বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ এর ৪৯(২) প্রবিধির আলোকে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী (ই/এম) পদের চাকরি হতে 'বরখাস্ত' করা হলো এবং একই বিষয়ে আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত হওয়ায় আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার কার্যধারা এতদ্বারা সমাপ্ত করা হলো।

৭.০ এ আদেশ ২৫/১০/২০২০ খ্রিঃ তারিখ হতে ভূতাপেক্ষভাবে কার্যকর হবে।

(এয়ার ভাইস মার্শাল মোঃ সফিদুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোনঃ ৮৯০১৪০০

জনাব মোঃ আছির উদ্দিন
পিতা-মৃত মোঃ জালাল উদ্দিন সরকার
স্থায়ী ঠিকানা: গ্রাম ও পোষ্টঃ-বাটাজোর, উপজেলা-ভালুকা,
জেলা-ময়মনসিংহ।

অনুলিপি:

- ১। সদস্য (সকল) সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পরিচালক (সকল) সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। আইন কর্মকর্তা/পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (স.ক.ভ.ত)/চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী, ই/এম বিভাগ-১, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।

পাতা-২

অনুলিপি: (বাহির)

১। সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মক্দিদুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফসিআইসি, পিএসসি
চেয়ারম্যান